

# প্রাথমিকের নতুন বই ছাপাতে ব্যয় হবে ২০১ কোটি টাকা

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

আগামী ২০২৬ শিক্ষাবর্ষে প্রাথমিক স্তরের (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণি) শিক্ষার্থীদের নতুন বই দিতে ৪ কোটি ৪ লাখ ৪২ হাজার ৮৯১ কপি পাঠ্যপুস্তক সংগ্রহ করা হবে। এসব বই মুদ্রণ (কাগজসহ), বাঁধাই ও সরবরাহে সরকারের ব্যয় হবে ২০০ কোটি ৯১ লাখ ৭৮ হাজার ৮৮০ টাকা।

## পড়ুন



কমল হাসানকে হত্যার হুমকি

মঙ্গলবার (১২ অগস্ট) সচিবালয়ে অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন

আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়েছে।

## জামায়াতের আয় বিএনপির প্রায় দ্বিগুণ



বৈঠক সূত্র মতে, ২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রাথমিক স্তরের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির ৯৮টি লটের মধ্যে ৯৬টি লটের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের ক্রয় প্রস্তাব উত্থাপন করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

এই প্রস্তাবের অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ কমিটি। এই ৯৬টি লটে মোট ৪ কোটি ৪ লাখ ৪২ হাজার ৪৯১ কপি পাঠ্যপুস্তক রয়েছে। এই পাঠ্যপুস্তকগুলোর জন্য মোট ব্যয় হবে ২০০ কোটি ৯১ লাখ ৭৮ হাজার ৪৮০ টাকা।